

তারিখ - 15 JAN 1993

পৃষ্ঠা... ৩ ... কলাম... ১ ...

দৈনিক সংবাদ

২৬

১৩

**রাজশাহী ভার্সিটির
শিক্ষক সমিতির নির্বাচন
হলুদ প্যানেল জয়ী**

রাজশাহী, ১৪ই জানুয়ারি (নিজস্ব সংবাদদাতার ফোন) রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে স্বাধীনতার পক্ষের হলুদ প্যানেলের প্রার্থীরা বিপুল ভোটার ব্যবধানে জয়ী হয়েছেন। আজ এ নির্বাচন অনুষ্ঠিত হয়। সমিতির নির্বাহী পরিষদের ১৫টি পদের মধ্যে হলুদ প্যানেলের প্রার্থীরা সভাপতি, সহ-সভাপতি, শিক্ষক : পৃ: ৮ ক: ৬

**শিক্ষক : হলুদ
প্যানেল জয়ী
(১ম পৃষ্ঠার পর)**

কোষাধ্যক্ষ ও যুগ্ম-সম্পাদকসহ ১৪টি পদে জয়লাভ করেছেন। জামাত ও বিএনপি সমর্থিত সবুজ প্যানেলের প্রার্থীরা একমাত্র সাধারণ সম্পাদকের পদটি পান। নির্বাচিতরা হলেন- সভাপতি অধ্যাপক মোঃ কায়েসউদ্দিন, সহ-সভাপতি অধ্যাপক আব্দুল বারী, কোষাধ্যক্ষ-অধ্যাপক আবুল বাশার মিয়া, সাধারণ সম্পাদক অধ্যাপক আমিনুল ইসলাম, যুগ্ম-সম্পাদক অধ্যাপক আনন্দ কুমার সাহা। নির্বাচিত সদস্যরা হলেন- অধ্যাপক শমসের আলী, অধ্যাপক মিজানউদ্দিন, অধ্যাপক আবু বকর, অধ্যাপক মুন্সী মুজিবুল হক, অধ্যাপক আবু বকর সিদ্দিক, অধ্যাপক জাফর রেজা খান, অধ্যাপক আফতাব আলম খান, অধ্যাপক মোয়াজ্জেম হোসেন খান, অধ্যাপক আবু সালেহ আবদুল নূর ও অধ্যাপক এম শামসুর রহমান।